

কুমিল্লা বোর্ডে মেয়েদের জয়জয়কার

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

৯ ফেব্রুয়ারি ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ৮ ফেব্রুয়ারি ২০২৩
১১:১১ পিএম

কুমিল্লা বোর্ডে
আমাদের মমু

advertisement

কুমিল্লা শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষায় সব সূচকে মেয়েদের জয়জয়কার। পাসের হার, জিপিএ-৫, মোট পরীক্ষার্থী, বিভাগভিত্তিক ফল সবদিক দিয়েই এগিয়ে রয়েছে তারা। গতকাল প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলাফল পর্যবেক্ষণ করে এ তথ্য পাওয়া গেছে।

কুমিল্লা শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ৮৫ হাজার ৮৮০ জন। তাদের মধ্যে মেয়ে ৪৮ হাজার ৪৬৩ ও ছেলে ৩৭ হাজার ৪১৭ জন। এ বোর্ডে পাস করেছে ৭৭ হাজার ৯০৭ জন। তাদের মেধ্য মেয়ে ৪৪ হাজার ২৯১ ও ছেলে ৩৩ হাজার ৬১৬ জন। কুমিল্লা বোর্ডে মোট পাসের হার ৯০ দশমিক ৭২ শতাংশ।

advertisement

মেয়েদের পাসের হার ৯১ দশমিক ৩৯ আর ছেলেদের ৮৯ দশমিক ৮৪ শতাংশ। মোট জিপিএ-৫ পেয়েছে ১৪ হাজার ৯৯১ জন। তাদের মধ্যে মেয়ে ৯ হাজার ৩০৭ আর ছেলে ৫ হাজার ৬৮৪ জন।

advertisement 4

বিভাগভিত্তিক হিসাব করলে বিজ্ঞান বিভাগে গড় পাসের হার ৯৫ দশমিক ৭৯ শতাংশ। তাদের মধ্যে মেয়েদের পাসের হার ৯৫ দশমিক ৯৯ ও ছেলেদের ৯৫ দশমিক ৫৯ শতাংশ। মানবিক বিভাগে গড় পাসের হার ৮৭ দশমিক ৮৬ শতাংশ। তাদের মধ্যে মেয়েদের পাসের হার ৮৯ দশমিক ৩২ ও ছেলেদের ৮৪ দশমিক ৯৯ শতাংশ। ব্যবসায় শিক্ষা বিভাগে গড় পাসের হার ৯১ দশমিক ১২ শতাংশ। তাদের মধ্যে মেয়েদের পাসের হার ৯২ দশমিক শূন্য ৯ ও ছেলেদের ৯০ দশমিক ৩২ শতাংশ।